

ঢাকা, ১৮ সেপ্টেম্বর ২০১৯

পর্যায়ক্রমে সকল শিক্ষা ব্যবস্থাকে জাতীয়করণ করা হবে - শিক্ষা উপমন্ত্রী

মহিবুল হাসান চৌধুরী

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, এক সময় আমরা শিক্ষার প্রসারের উপর গুরুত্ব দিয়েছি এবং আমরা সফল হয়েছি। এই মুহর্তে আমরা শিক্ষার গুনগত মান এবং অবকাঠামো উন্নয়নে জোর দিচ্ছি। এ ক্ষেত্রে আমরা যখন সফল হব তখন আমরা পর্যায়ক্রমে মাদ্রাসা শিক্ষাসহ সকল শিক্ষা ব্যবস্থাকে জাতীয়করণ করব। তিনি আজ সকালে রাজধানীর বসিলায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আয়োজনে মাদ্রাসায় উচ্চ শিক্ষা ব্যবস্থার উন্নয়ন শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মাদ আহসান উল্লাহ এর সভাপতিত্বে এই আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক সফিউদ্দিন আহমদ।

উপমন্ত্রী বলেন, এই মুহর্তে নৈতিকতার অভাব আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। তিনি বলেন, যারা ধর্মীয় শিক্ষায় শিক্ষিত পেশাগত জীবনে তারা নৈতিক হবেন দেশ ও সমাজ তাই আশা করে। ধর্মীয় শিক্ষায় শিক্ষিত আলেম সমাজকে সর্বোচ্চ নৈতিক হওয়ার আহ্বান জানান উপমন্ত্রী।

উপমন্ত্রী বলেন, শারীরিক শাস্তি এক ধরনের ফৌজদারি অপরাধ। শৃঙ্খলা বিধান করার নাম করে কোন শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শাস্তি দেওয়া উচিত নয়। তা কোন ভাবেই মেনে নেয়া হবে না।

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক সফিউদ্দিন আহমদ বলেন, বাংলাদেশের জিডিপির প্রবৃদ্ধির হার বর্তমানে ৮ শতাংশ। এই অগ্রগতি ধরে রাখতে সবাইকে ভূমিকা রাখতে হবে। মাদ্রাসা শিক্ষায় শিক্ষিতদের এ ক্ষেত্রে পিছিয়ে থাকলে চলবে না। মাদ্রাসার কেউ যেন বেকার না থাকে সেই ব্যবস্থা করছে বর্তমান সরকার। তিনি বলেন বর্তমান সরকার ১৮০০ মাদ্রাসায় ৪ তলা ভবন নির্মাণ করেছে এবং ৬৫৩ মাদ্রাসায় মাল্টিমিডিয়ার ক্লাসরুম চালু করেছে। মাদ্রাসায়ও স্কুলের মত উপবৃত্তি এবং স্কুল ফিডিং এর ব্যবস্থা করা হবে। তিনি বলেন এমপিও এর কাজ মাদ্রাসা অধিদপ্তর করবে। আগামী মাস থেকে সব এমপিও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে চালু করা হবে।

মোহাম্মদ আবুল খায়ের
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল নাম্বার: ০১৭১৬০৬৬৮